

আড়াই হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে ডিজিটালাইজড করার উদ্যোগ শিক্ষা মন্ত্রণালয় ও গ্রামীণফোনের

□ স্টাফ রিপোর্টার

দেশের আড়াই হাজার শিক্ষাপ্রতিষ্ঠানকে সম্পূর্ণ ডিজিটালাইজড করার উদ্যোগ নিয়েছে শিক্ষা মন্ত্রণালয় ও গ্রামীণফোন। এ লক্ষ্যে বিভিন্ন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপনের লক্ষ্যে ২০ হাজার ৫শ'টি ইন্টারনেট মডেম প্রদানের জন্য গ্রামীণফোন শিক্ষা মন্ত্রণালয়ের 'আইসিটি ফর এডুকেশন' প্রকল্পের মাধ্যমে একটি চুক্তি স্বাক্ষর করেছে।
গতকাল ২০০ কঃঃ

আড়াই হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে

১৬-এর পৃষ্ঠার পর
(মঙ্গলবার) রাজধানীর রূপসী বাংলা হোটেলে আয়োজিত এক অনুষ্ঠানে আইসিটি ফর এডুকেশন প্রকল্পের প্রজেক্ট ডিরেক্টর এ কে আজান এবং গ্রামীণফোনের হেড অব ডিরেক্ট সৈয়দ উর হারুন স্টর্মসমেন নিজ নিজ প্রতিষ্ঠানের গবেষণাকর্ম প্রদর্শন করেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। চুক্তি অনুযায়ী, 'আইসিটি ফর এডুকেশন' অ্যাক্ট হাজার সেকেন্ডারি স্কুলের প্রকল্পের মাধ্যমে এসব প্রতিষ্ঠানকে ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, আধুনিক ল্যাব ও ক্লাসরুমসহ সম্পূর্ণ ডিজিটাল প্রযুক্তি নির্ভর করা হবে বলেও জানা গেছে।
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, দেশের শিক্ষার্থীদের আধুনিক মানুস তৈরির এটা এক ঐতিহাসিক ঘটনা। এর মাধ্যমে আমাদের নতুন প্রজন্মকে বিশ্বের চ্যালেঞ্জ গ্রহণ করতে পারবে। বিশ্ব দরবারে বাংলাদেশের সুনাম উজ্জ্বল করার জন্য এ উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পাশাপাশি শিক্ষার্থীদের গড়ে তুলবে প্রযুক্তিনির্ভর ও উন্নত মানসিকতার। শিক্ষামন্ত্রী আরও বলেন, আমরা ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার করেছি। এই অঙ্গীকার বাস্তবায়নে প্রয়োজন বিশ্বমানের শিক্ষাব্যবস্থা। সেজন্যই আমরা তথ্য ও প্রযুক্তির মাধ্যমে শিক্ষার্থীদের মননশীলতাকে আধুনিক করে গড়ে তুলার সর্বশ্রেষ্ঠ প্রয়াস চালিয়ে যাচ্ছি। সুনামশীল শিক্ষা পদ্ধতিকে গুরুত্ব দিয়ে যাচ্ছি। যাতে করে আগামীর শিক্ষার্থীরা যোগ্য নাগরিক হয়ে উঠতে পারে।
অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের গৌহরী, আইসিটি সচিব মো. নজরুল ইসলাম খান, গ্রামীণফোনের সিইও টরে ইয়ানসেন এবং গ্রামীণফোনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।